শুনানি না হওয়া পযর্ন্ত বন্ধ থাকছে সময় টিভি

শুনানি না হওয়া পযর্ন্ত বন্ধ থাকছে বেসরকারি টেলিভিশন চ্যানেল সময় টিভির সম্প্রচার। এর আগে ৭ দিনের জন্য বন্ধের আদেশ স্থগিত চেয়ে আবেদনের শুনানির জন্য আগামী রোববার দিন ধার্য করেছেন চেম্বার আদালত। ওই দিন আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে এ বিষয়ে শুনানি হবে।

গত সোমবার (১৯ আগস্ট) রাত ১২টার পর বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল সময় টিভির সম্প্রচার বন্ধ করা হয়।

গত সোমবার বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি শশাঙ্ক শেখর সরকারের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ সময় টিভির সম্প্রচার সাত দিনের জন্য বন্ধের নির্দেশ দেন।

উল্লেখ্য, কোটাবিরোধী আন্দোলনের সময় আন্দোলনকারীদের ওপর পুলিশকে গুলি চালাতে বলেছিলেন সময় টিভির এক ক্যামেরা পারসন। পরে এ ঘটনাকে কেন্দ্র করে জোবায়ের রহমানের পদত্যাগসহ টিভি কর্তৃপক্ষকে ২৪ ঘণ্টার আলটিমেটাম দিয়েছিল বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থী এবং প্রতিষ্ঠানটির সাবেক ও বর্তমান সাংবাদিকরা। এর ধারাবাহিকতায় এ সংক্রান্ত রিটের আদেশে হাইকোর্ট সময় টিভির সম্প্রচার সাত দিনের জন্য বন্ধ রাখার আদেশ দেন।

সূত্র: কালবেলা

ঝিনাইদহে সময় টিভির প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে সময় টিভির ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে বুধবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের

বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে প্রেসক্লাব মিলনায়তেন আলোচনা সভার আয়োজন করা হয়।

সময় টিভির রিপোর্টার লোটাস রহমান সোহাগ’র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, সিনিয়র সাংবাদিক বিমল কুমার সাহা, আমিনুর রহমান টুকু, নিজাম জোয়ার্দ্দার বাবলু, টেলিভিশন সাংবাদিক ফোরামের সাধারণ সম্পাদক রাজীব হাসান, সাংগঠনিক সম্পাদক সাদ্দাম হোসেন, প্রেসক্লাবের সহ-সভাপতি সুলতান আল একরাম, নির্বাহী সদস্য ওমর আলী সোহাগ, সিনিয়র সাংবাদিক শামীমুল ইসলাম শামীম, কাজী আলি আহম্মেদ পিকুসহ অন্যান্যরা।

সেসময় বক্তারা, দেশ সেরা সংবাদ ভিত্তিক টেলিভিশন সময় সংবাদের উত্তোরোত্তর সাফল্য কামনা করেন। সেই সাথে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করায় কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেণ।